

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৬৯

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لَعَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّجُلَ يَلْبَسُ لِبْسَةَ الْمَرْأَةِ وَالْمَرْأَةَ تَلْبَسُ لِبْسَةَ الرَّجُل. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

88৬৯-[৫১] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন পুরুষের ওপর লা'নাত করেছেন যে নারীর পোশাক পরিধান করে এবং এমন নারীর ওপর যে পুরুষের পোশাক পরিধান করে। (আবূ দাউদ)[1]

### ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪০৯৮, ইবনু মাজাহ ১৯০৩, সহীহুল জামি'উস্ সগীর ৫০৯৫, আহমাদ ৮৩০৯, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২০৬৯, সহীহ ইবনু হিব্বান ৫৭৫১, শু'আবুল ইমান ৭৮০২, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৯২৫৩, মুসতাদরাক ইবনু হাকিম ৭৪১৫।

### ব্যাখ্যা

व्याच्याः (لِبْسَةَ الرَّجُل) वर्श- मिर्लात পतिरिय वस । (لِبْسَةَ الْمُرْأَةِ) পूरूरवत পतिरिय वस ।

পোশাক পরিধানের ক্ষেত্রে যে বিধান বা নীতিমালা রয়েছে তন্মধ্যে গুরুত্বপূর্ণ একটি মৌলিক নীতিমালা হলো, মহিলা পুরুষের পোশাক না পরা এবং পুরুষ মহিলার পোশাক না পরা। পুরুষের জন্য মহিলার পোশাকের সদৃশ্য পোশাক নিষিদ্ধ এবং মহিলার জন্য পুরুষের পোশাকের সাদৃশ্য পোশাক নিষিদ্ধ। বিভিন্ন হাদীসে এর নিষেধাজ্ঞা রয়েছে। বর্ণিত হাদীসটি এর একটি স্পষ্ট দলীল। যে সব কর্মের উপর অভিশাপ দেয়া হয় তার নিষেধাজ্ঞাটি কঠিন হয়ে থাকে। তাই পুরুষের জন্য মহিলার পরিধেয় পোশাক পরে বা যে কোনভাবে তাদের অবয়ব অবলম্বন করা হারাম। ঠিক তদ্রম্প মহিলাদের জন্য পুরুষদের পোশাক পরা বা পুরুষদের অবয়ব অবলম্বন করা হারাম। (মিরক্রাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন